

## নদীর নামঃ কর্ণফুলী

নদীর সংক্ষিপ্ত বর্ণনা : কর্ণফুলী নদীটি একটি সীমান্ত নদী। চট্টগ্রাম-পার্বত্য অঞ্চলের উল্লেখযোগ্য নদী কর্ণফুলী। নদীটি ভারতের মিজোরাম এলাকার লুসাই পাহাড় হতে উৎপত্তি হয়ে রাঙ্গামাটি জেলার বরকল উপজেলার বুশান ছড়া ইউনিয়ন দিয়ে বাংলাদেশে প্রবেশ করে রাঙ্গামাটি সদরের নিকট বালুখালি ইউনিয়নে কাপ্তাই লেকে পড়েছে। পরবর্তীতে আবার কাপ্তাই উপজেলার কাপ্তাই ইউনিয়ন হতে নদীটি বের হয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে। কাপ্তাই ইউনিয়নে কর্ণফুলী নদীর উপর ১৯৬০ সালে বাংলাদেশের সবচেয়ে বড় পানি বিদ্যুৎ কেন্দ্র নির্মিত হয়। কর্ণফুলী নদীর মোহনায় বাংলাদেশের প্রধান সমুদ্র বন্দর অবস্থিত। কর্ণফুলী নদীর সর্বোচ্চ গভীরতা পতেঙ্গায় যা জোয়ার-ভাটার উপর ২০ মিটার (৬৬ ফুট) পর্যন্ত উঠা-নামা করে থাকে। বরকল উপজেলার বুশান ছড়া ইউনিয়নে বাংলাদেশ-মায়ানমার সীমান্ত বরাবর দক্ষিণ হতে উত্তর দিকে থেগা খাল/কাউপুই নামে একটি ছড়া মিলেছে আবার প্রায় ১৪ কি.মি পর থেগা খাল/কাউপুই নামেই আরো একটি ছড়া উত্তর হতে দক্ষিণ দিকে প্রবাহিত হয়ে কর্ণফুলী নদীতে পড়েছে। প্রায় ৪৬ কি.মি দীর্ঘ হিরারা ছড়া রোয়াংছড়ি, রাজস্থলী এবং কাপ্তাই দিয়ে প্রবাহিত হয়ে কর্ণফুলী নদীতে পড়েছে। সোয়ালক খাল রাঙ্গুনিয়ার পাহাড়ী এলাকায় উৎপত্তি হয়ে প্রায় ১০ কি.মি দক্ষিণ দিকে প্রবাহিত হয়ে কর্ণফুলী নদীতে এবং প্রায় ১০ কি.মি দীর্ঘ ভান্দরজুড়ী খাল বোয়ালখালী উপজেলার শ্রীপুর খরান দ্বীপ ইউনিয়নে কর্ণফুলী নদীর সাথে মিলেছে। পটিয়া উপজেলায় কর্ণফুলীর দুটি শাখা বের হয়ে চাঁনহারা ইউনিয়নে পুনরায় একত্রিত হয়ে সাতকানিয়ার ছরাতি ইউনিয়নে সাংসু নদীতে পতিত হয়েছে। এ নদী বাংলাদেশ আভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তৃতীয় শ্রেণীর নৌপথ। এ নদীর ডান তীরে চট্টগ্রাম সমুদ্র বন্দর অবস্থিত।

নদী সম্পর্কে নির্বাচিত তথ্য:

### ১। উৎস মুখ (Off-take)

ক) পাহাড়ী এলাকা/নদী/হাওর/বাওর/বিল/নিম্নাঞ্চল : তুইলিয়ান পুই অথবা সাজাল লুই নদী

খ) অবস্থান

- উপজেলা	: বড়কল
- জেলা	: রাঙ্গামাটি

### ২। পতিত মুখ (Out fall)

ক) নদী/হাওর/বাওর/বিল/সাগর : বঙ্গোপসাগর

খ) অবস্থান

- উপজেলা	: আনোয়ারা
- জেলা	: চট্টগ্রাম

### ৩। উপ-নদী/শাখা নদী/আন্তঃ শাখা নদী

ক) উপ- নদী (Tributary) : ইছামতি, হালদা, তুইলিয়ান পুই অথবা সাজাল লুই, থেগা অথবা কাওপুই, শুভলং-মরম ছড়া, ভান্দরজুরি খাল, শাইলক খাল, হীরার ছড়া

খ) শাখা-নদী (Distributary) : নাই

গ) আন্তঃ শাখা নদী (Branch) : নাই

### ৪। প্রবাহিত গতিপথ এলাকা

ক) উপজেলা : বড়কল, জুরাই ছড়ি, রাঙ্গামাটি সদর, কাপ্তাই রাঙ্গুনীয়া, বোয়ালখালী, চাঁদগাও, বাকলিয়া, পটিয়া, পতেঙ্গা, আনোয়ারা

খ) জেলা : রাঙ্গামাটি, চট্টগ্রাম

### ৫। ভৌত বিবরণ

ক) দৈর্ঘ্য	: ১৬১ কি: মি: (প্রায়)
খ) প্রস্থ	: সর্বনিম্ন ১৬১ মি:, সর্বোচ্চ ৯৬০ মি:, গড় ৪৫৩ মি:
গ) প্রকৃতি	: সর্পিলাকার (Meandering) বন্যা প্রবাহের ঢাল ৪ সে:মি/কি:মি

### ৬। প্রবাহ (Discharge)

ক) মৌসুমী (Seasonal)/বারোমাসি (Perennial)	: বারোমাসি
খ) প্রবাহবিহীন মাস সমূহ	: প্রযোজ্য নয়
গ) কম প্রবাহের মাস (শুকনো মৌসুমে)	
আনুমানিক পরিমাণ	: ফেব্রুয়ারী-এপ্রিল
ঘ) বেশী প্রবাহের মাস (বর্ষা মৌসুমে)	: জুলাই-সেপ্টেম্বর
আনুমানিক পরিমাণ	: প্রযোজ্য নয়
ঙ) জোয়ার /ভাটার প্রভাব	: আছে (সর্বোচ্চ জোয়ার-ভাটার ব্যবধান ৪মি:)
চ) সাধারণ বন্যায় নদীর তীর উপচায় কিনা	: হ্যাঁ
৭। নদীর তীরে অবস্থিত পৌরসভা/শহর/বন্দর	: রাজসামাটি শহর, চট্টগ্রাম শহর, রাইখালি বাজার ছোট হরিনা বাজার, বারকল বাজার, চট্টগ্রাম সমুদ্র বন্দর
৮। নদীর উপর উল্লেখযোগ্য ব্যারেজ/রেগুলেটর/সেতু/ অন্যান্য অবকাঠামো	: শাহ আমানত ব্রীজ ও কালুরঘাট ব্রীজ

